

# এক নজরে আইসিআরসি

ICRC

সংক্ষেপে







## আমরা কারা

আন্তর্জাতিক রেড ক্রস কমিটি (আইসিআরসি) সুইজারল্যান্ডভিত্তিক একটি মানবিক সংস্থা। সংস্থাটি ১৮৬৩ সালে প্রতিষ্ঠিত আন্তর্জাতিক মানবিক আন্দোলন 'ইন্টারন্যাশনাল রেড ক্রস ও রেড ক্রিসেন্ট মুভমেন্ট'-এর প্রতিষ্ঠাতা সদস্য। এই আন্দোলন যে সংস্থাগুলো নিয়ে গঠিত, সেগুলো হলো- আইসিআরসি, ইন্টারন্যাশনাল ফেডারেশন অফ রেড ক্রস ও রেড ক্রিসেন্ট সোসাইটিস (আইএফআরসি) এবং জাতীয় রেড ক্রস ও রেড ক্রিসেন্ট সোসাইটিসমূহ।

আন্তর্জাতিক সম্প্রদায় আইসিআরসি-কে 'আন্তর্জাতিক মানবিক আইন' (আইএইচএল) এর অভিভাবকত্ব এবং এই আইনটি প্রচারের দায়িত্ব দিয়েছে।

আমরা বিশ্বব্যাপী সশস্ত্র সংঘাত ও অন্যান্য সহিংস পরিস্থিতিতে আক্রান্ত ব্যক্তিদের সহায়তা দিতে কাজ করি।

## আমরা কি কাজ করি

- যুদ্ধে অংশ নেয়নি এমন বেসামরিক ব্যক্তিদের জীবন বাঁচানো ও তাদের নিরাপত্তা নিশ্চিত করার চেষ্টা করি
- যুদ্ধবন্দী ও নিরাপত্তার নামে বিনাবিচারে আটককৃত বন্দীদের সঙ্গে দেখা করি
- সশস্ত্র সংঘাতে বিচ্ছিন্ন পরিবারের সদস্যদের মাঝে বার্তা বিনিময় এবং তাদের পুনর্মিলনের ব্যবস্থা করি
- নিখোঁজ ব্যক্তিদের খুঁজে পেতে সহায়তা করি
- মৌলিক স্বাস্থ্যসেবা দেওয়া কিংবা সেবাসমূহ যাতে পায় সেই ব্যবস্থা করি
- জরুরি খাদ্য, নিরাপদ খাবার পানি, স্যানিটেশন এবং আশ্রয়ের ব্যবস্থা করি
- আন্তর্জাতিক মানবিক আইনের প্রতি শ্রদ্ধা বাড়ানোর পদক্ষেপ নেই
- আন্তর্জাতিক মানবিক আইন মেনে চলার বিষয়টি পর্যবেক্ষণ করি এবং আইনের আরো উন্নয়নে কাজ করি
- যুদ্ধে ব্যবহৃত মাইন ও বিস্ফোরক দ্রব্যের অবশিষ্টাংশের ক্ষতি থেকে মানুষকে রক্ষায় সাহায্য করি
- জাতীয় রেড ক্রস ও রেড ক্রিসেন্ট সোসাইটিগুলোকে সশস্ত্র সংঘাত ও অন্যান্য ধরনের সহিংসতার ঘটনায় সাড়া দেওয়া ও প্রস্তুতি নেওয়ার ক্ষেত্রে সহায়তা করি।

## আমরা কিভাবে কাজ করি

রেড ক্রস ও রেড ক্রিসেন্ট এর মৌলিক নীতিমালা- নিরপেক্ষতা, পক্ষপাতহীনতা এবং স্বাধীনতা, যা আমাদের কাজকে পরিচালনা করতে এবং মানবিক উদ্দেশ্য অর্জনে সহায়তা করে। সশস্ত্র সংঘাতে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সহায়তার উদ্দেশ্যে আমরা সকল পক্ষের সাথে কথা বলি। আন্তর্জাতিক মানবিক আইন এবং অন্যান্য মৌলিক আইনের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার জন্য অস্ত্র বহনকারীদের প্রচেষ্টাকে আমরা সহায়তা করি।

আমরা যুদ্ধবন্দী ও নিরাপত্তার নামে বিনাবিচারে আটককৃত বন্দীদের সঙ্গে সাক্ষাৎ করি এবং তাদের অন্তর্ধান প্রতিরোধের লক্ষ্যে নিবন্ধন করি। স্বাধীনতাবঞ্চিত মানুষের মানবিক এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানসম্পন্ন আচরণ পাওয়া নিশ্চিত করতে আমরা কর্তৃপক্ষের সঙ্গে একত্রে কাজ করি।



কার্লোস রিওস/আইসিআরসি



মারকো কোকি/আইসিআরসি

## আমরা কোথায় কাজ করি

আমরা সারাবিশ্বে কাজ করি। ফলে সশস্ত্র ও অন্যান্য ধরনের সহিংস সংঘাতের ঘটনায় আমরা দ্রুত সাড়া দিতে পারি। বর্তমানে বিশ্বের ৮০টিরও বেশি দেশে আমাদের কার্যালয় রয়েছে যেখানে প্রায় ১১,০০০ কর্মী কাজ করছেন।

## আরো জানতে

ভিজিট করুন আমাদের ওয়েবসাইট: www.icrc.org এছাড়াও আপনার নিকটস্থ আইসিআরসি কার্যালয়ে যেতে পারেন কিংবা আপনার দেশের জাতীয় রেড ক্রস বা রেড ক্রিসেন্ট সোসাইটিতে যোগাযোগ করতে পারেন।

আমাদের তৈরি প্রকাশনা ও চলচ্চিত্রের তালিকা পেতে আপনি ওয়েবসাইটের নির্দিষ্ট স্থানে লিখতে পারেন কিংবা ইমেইল করতে পারেন: shop.gva@icrc.org কিংবা ডাকযোগেও লিখতে পারেন নিচের ঠিকানায়

ইন্টারন্যাশনাল কমিটি অফ দি রেড ক্রস
বাংলাদেশ ডেলিগেশন
বাড়ি ৭২, রোড ১৮, ব্লক জে, বনানী
ঢাকা-১২১৩
ফোন: +৮৮০ ২ ৮৮৩৭৪৬১, ৮৮৩৫৫১৫
ফ্যাক্স: +৮৮০ ২ ৮৮৩৭৪৬২
ইমেইল: dhaka@icrc.org

ICRC

International Committee of the Red Cross
19, avenue de la Paix
1202 Geneva, Switzerland
টেলিফোন: +৪১ ২২ ৭৩৪ ৬০ ০১
ফ্যাক্স: +৪১ ২২ ৭৩৩ ২০ ৫৭
আইসিআরসি, সেপ্টেম্বর ২০১২

0728/256 09.2012 12,500

প্রচ্ছদের ছবি: টিল মেয়ার/আইসিআরসি